

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং- ৩২.০০.০০০০.০৫৬.১১.০০১.১৭-১৬

তারিখঃ

২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

চুক্তিভিত্তিক নিয়োগপত্র

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “২০টি শিশু দিব্যাত্ত কেন্দ্র স্থাপন” প্রকল্পের “সহকারী প্রোগ্রামার” পদে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-০৯ অনুযায়ী প্রকল্পের মেয়াদকালীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে তাঁদের নামের বিপরীতে উল্লিখিত সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলঃ

প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল	নিজ জেলা	পদের নাম	বেতন গ্রেড ও সাকুল্য বেতন
মো: মিজানুর রহমান পিতা: মো: জহুরুল হক মাতা: মোছা: মরিয়ম নেছা	৩৯	দিনাজপুর	সহকারী প্রোগ্রামার	গ্রেড-০৯ সাকুল্য বেতন ৩৫,৬০০/- টাকা

শর্তাবলী:


- (ক) এ নিয়োগ আদেশ শুধুমাত্র প্রকল্প মেয়াদকাল পর্যন্ত আনুষ্ঠানিক আদেশ হিসেবে গণ্য হবে। প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ আদেশ প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে। এতদুদ্দেশ্যে আলাদাভাবে কোন অব্যাহতিপত্র প্রদান করা হবে না।
 - (খ) কর্তৃপক্ষ যে কোন সময় ১(এক) মাসের নোটিশ বা ১(এক) মাসের সমপরিমাণ বেতন প্রদান পূর্বক চাকুরী হতে অব্যাহতি দিতে পারবেন। পক্ষান্তরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ১ (এক) মাসের নোটিশ বা ১(এক) মাসের সমপরিমাণ বেতন সমর্পণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাকুরী হতে অব্যাহতি নিতে পারবেন।
 - (গ) চাকুরীকালে সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকতে হবে।
 - (ঘ) চাকুরী সংক্রান্ত সকল সরকারি বিধি-বিধান মেনে চলতে হবে।
 - (ঙ) চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক সু-স্বাস্থ্যের সনদ দাখিল করতে হবে।
 - (চ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
 - (ছ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে যোগদানের সময় তাঁর চাকুরির আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের সত্যতার স্বপক্ষে অঙ্গীকারনামা পেশ করতে হবে।
- ২। নিয়োগের উপরোক্ত শর্তাবলীতে সম্মত থাকলে তাঁকে ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট যোগদান পত্র দাখিল করতে হবে, অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

৩১/০১/২০১৮

(মোঃ আবুল খায়ের)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং: ৯৫৫৯৭৭৪।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (উঃ ও পরিঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, “২০টি শিশু দিবা যত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প” মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। পুলিশ সুপার, দিনাজপুর জেলা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। জনাব-----
- ৯। অফিস কপি/গার্ড নথি।

 ১৫/০১/২০১৮

(মোঃ আবুল খায়ের)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং: ৯৫৫৯৭৭৪